গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর

এবং

সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২২ - জুন ৩০, ২০২৩

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ..... ৩

প্রস্তাবনা ..... ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ..... ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ..... ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ..... ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ..... ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ..... ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ..... ১৪

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ..... ১৫

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

ভোক্তা-অধিকার বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে ২০১৯-২০২০ অর্থবছরে ৭,৫০,০০০ টি, ২০২০-২০২১ অর্থবছরে ৭,৫০,০০০ টি এবং ২০২১-২০২২ অর্থবছরে ৩০ এপ্রিল ২০২২ তারিখ পর্যন্ত ৭,১৯,০০০ টি লিফলেট, প্যাম্ফলেট ও ক্যালেন্ডার বিতরণ করা হয়েছে। ভোক্তা-অধিকার বিরোধী কার্য প্রতিরোধের লক্ষ্যে দেশব্যাপী 'ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯' এর অধীনে অধিদপ্তরের বাজার তদারকি টিম ২০১৯-২০২০ অর্থবছরে ১২,৩৫১টি বাজার তদারকির মাধ্যমে ১১,০৫,৩৩,৮০০/- (এগারো কোটি পাঁচ লক্ষ তেত্রিশ হাজার আটশত) টাকা; ২০২০-২০২১ অর্থবছরের ০১ জুলাই থেকে ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত ১১,৯৫৩টি বাজার তদারকির মাধ্যমে ১৩,৩৬,০৩,৭০০/- (তেরো কোটি ছত্রিশ লক্ষ তিন হাজার সাতশত) টাকা এবং ২০২১-২০২২ অর্থবছরের ০১ জুলাই থেকে ৩০ এপ্রিল ২০২২ তারিখ পর্যন্ত ৯০৯১ টি বাজার তদারকির মাধ্যমে ১৪,৯১,৫৮,৪০০ (চৌদ্দ কোটি একানব্বই লক্ষ আটান্ন হাজার চারশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করেছে। ভোক্তাগণের অভিযোগ গ্রহণের লক্ষ্যে ০৩ আগস্ট ২০১৪ তারিখে ভোক্তা-অভিযোগ কেন্দ্র (এনসিসিসি) এবং ১৫ মার্চ ২০২০ তারিখে 'ভোক্তা-বাতায়ন' শীর্ষক হটলাইন স্থাপন করা হয়েছে। বিগত ০৬ এপ্রিল ২০১০ থেকে ৩০ এপ্রিল ২০২২ পর্যন্ত অভিযোগ পাওয়া গিয়েছে ৫৮২২৭টি, অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে ৫২৯৩২টি ও অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ৫,১৬,৪৭,৫০৮/- (পাঁচ কোটি ষোলো লক্ষ সাতচল্লিশ হাজার পাঁচশত আট) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়েছে। 'ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯' এর ৭৬(৪) ধারায় ২০০৯ থেকে ৩০ এপ্রিল ২০২২ তারিখ পর্যন্ত আদায়কৃত জরিমানার ২৫% প্রণোদনা হিসেবে মোট ৭,২৯১ জন অভিযোগকারীকে ১,২৭,২১,৭৫২/- (এক কোটি সাতাশ লক্ষ একুশ হাজার সাতশত বাহান্ন) টাকা প্রদান করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

'ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯' সম্পর্কে দেশের জনগণকে সচেতন ও অবহিতকরণ, ভোক্তাদের ই-কমার্স বিষয়ে সচেতনতার অভাবে ই-কমার্স সম্পর্কিত অভিযোগ বৃদ্ধি এবং ভোক্তা-অধিকার বিরোধী কার্য প্রতিরোধে বাজার তদারকি/অভিযান পরিচালনায় অন্যান্য সংস্থার সাথে সমন্বয় সাধন।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

'ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন-২০০৯' ও ই-কমার্স বিষয়ে জনগণকে সচেতন করার জন্য প্রচারণামূলক কার্যক্রম জোরদার, প্রাপ্ত অভিযোগসমূহ দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তি এবং বাজার তদারকি/অভিযান পরিচালনায় অন্যান্য সংস্থার সাথে সমন্বয় করে আইনের সুফল দেশের সকল মানুষের নিকট পৌঁছে দেয়া।

**২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ৭,০৫,০০০ টি লিফলেট, প্যাম্ফলেট ও অন্যান্য প্রচার সামগ্রী মুদ্রণ ও বিতরণ;
- ৭৫০ টি সেমিনার/ওয়ার্কসপ/মতবিনিময় সভা আয়োজন;
- ১০,০০০ টি বাজার তদারকি;
- ১৬ কোটি ৯৯ লক্ষ ৬০ হাজার টাকা জরিমানা আরোপ ও আদায়;
- ১৫ মার্চ বিশ্ব ভোক্তা-অধিকার দিবস উদযাপন;
- ১০০০টি সচেতনতামূলক সভা আয়োজন ;
- প্রাপ্ত ৬০% অভিযোগ দ্রুততম সময়ে নিষ্পত্তি এবং
- সেন্ট্রাল কমপ্লেইন ম্যানেজমেন্ট সিস্টেম (সিসিএমএস) শীর্ষক সফটওয়্যার প্রণয়ন।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর

এবং

সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়-এর মধ্যে ২০২২ সালের ...জুন... মাসের ...২৬... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

ভোক্তা-অধিকার নিশ্চিতকরণ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর কার্যকর বাস্তবায়নে ভোক্তা-অধিকার বিরোধী কার্যক্রম প্রতিরোধ এবং অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ভোক্তার অধিকার সংরক্ষণ।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সচেতনতা বৃদ্ধি;
২. ভোক্তা-অধিকার বিরোধী কার্য প্রতিরোধ; এবং
৩. অভিযোগ নিষ্পত্তি।

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে সচেতনতামূলক সভা, সেমিনার ও ওয়ার্কসপ আয়োজনসহ অন্যান্য কার্যক্রম গ্রহণ;
২. বাজার তদারকির মাধ্যমে ভোক্তা-স্বার্থ সংরক্ষণ; এবং
৩. ভোক্তাদের অভিযোগ নিষ্পত্তি।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা ২০২২-২৩ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৩-২০২৪ | ২০২৪-২০২৫ | | |
| ভোক্তা-অধিকার সংরক্ষণ | সচেতনতামূলক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১১৬৮ | ৯০৬ | ১০০০ | ১০০০ | ১০৫০ | - | সামারি রিপোর্ট, সভার নোটিশ ও উপস্থিতি, সভার কার্যবিবরণী/রেকর্ড নোটস |
| | বাজার তদারকি সম্পন্ন | সংখ্যা | ১১৯৫৩ | ৯০৯১ | ১০০০০ | ১০০০০ | ১০০০০ | বাংলাদেশ পুলিশ, বিএসটিআই, কৃষি বিপণন অধিদপ্তর, বিসিএসআইআর, স্বাস্থ্য অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর, পরিবেশ অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর | বাজার তদারকি সংক্রান্ত সামারি রিপোর্ট |
| | অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ৮১.৩১ | ৬১.১৫ | ৬০ | ৬৫ | ৭০ | - | অভিযোগ সংক্রান্ত সামারি রিপোর্ট |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] সচেতনতা বৃদ্ধি; | ২৫ | [১.১] সচেতনতা বৃদ্ধির জন্য প্যাম্ফলেট, লিফলেট ও অন্যান্য প্রচার সামগ্রী মুদ্রণ এবং বিতরণ | [১.১.১] প্যাম্ফলেট মুদ্রিত ও বিতরণকৃত | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৪ | ৩ | ২.৯২ | ৩.০০ | ২.৭০ | ২.৪০ | ২.৩০ | ২.২৫ | ৩.৩০ | ৩.৪০ |
| | | | [১.১.২] লিফলেট মুদ্রিত ও বিতরণকৃত | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৪ | ৪ | ৩.৮৭ | ৪.০০ | ৩.৮০ | ৩.৭০ | ৩.৬০ | ৩.৪০ | ৪.১০ | ৪.২০ |
| | | | [১.১.৩] ডায়েরি মুদ্রিত ও বিতরণকৃত | সমষ্টি | সংখ্যা (হাজার) | ৪ | .৫০ (ক্যালেন্ডার) | .৩০ (ডেস্ক ক্যালেন্ডার) | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৮ | ১০ |
| | | [১.২] সেমিনার/ওয়ার্কসপ/ মতবিনিময় সভা | [১.২.১] সেমিনার/ওয়ার্কসপ/ মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ৪ | ৪৯৬ | ৫০৬ | ৭৫০ | ৭৩০ | ৭২০ | ৭১০ | ৭০০ | ৭৭০ | ৮০০ |
| | | [১.৩] সচেতনতামূলক সভা | [১.৩.১] সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ৪ | ১১৬৮ | ৮১৫ | ১০০০ | ৯৫০ | ৯২৫ | ৯০০ | ৭০০ | ১০০০ | ১০৫০ |
| | | [১.৪] ঢাকা মহানগরসহ বিভাগ, জেলা ও উপজেলায় বিশ্ব ভোক্তা অধিকার দিবস উদযাপন | [১.৪.১] দিবস উদযাপিত | সমষ্টি | সংখ্যা | ৫ | ৪৯৬ | ৪৯৬ | ৪৯৬ | | | | | ৪৯৬ | ৪৯৬ |
| [২] ভোক্তা-অধিকার বিরোধী কার্য প্রতিরোধ; এবং | ২৫ | [২.১] বাজার তদারকি | [২.১.১] বাজার তদারকি সম্পন্ন | সমষ্টি | সংখ্যা | ২০ | ১১৯৫৩ | ৮৪৪২ | ১০০০০ | ৮০০ | ৭৫০০ | ৭০০০ | ৬০০০ | ১০০০০ | ১০০০০ |
| | | [২.২] জরিমানা আরোপ ও আদায় | [২.২.১] আরোপিত ও আদায়কৃত | সমষ্টি | পরিমাণ (কোটি টাকা) | ৫ | ১৩.৭৪১৯ | ১৪.০৮৯ | ১৬.৯৯৬ | ১৬.৮ | ১৬.৫ | ১৬ | ১৫.৫ | ১৮.৬৯৬ | ২০.৫৬৬ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৩] অভিযোগ নিষ্পত্তি। | ২০ | [৩.১] অভিযোগ নিষ্পত্তি | [৩.১.১] অভিযোগ নিষ্পত্তিকৃত | সমষ্টি | গড় | ১৫ | ৮১.৩১ | ৬০.৯০ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৬৫ | ৭০ |
| | | [৩.২] সিসিএমএস শীর্ষক সফটওয়্যার প্রণয়ন | [৩.২.১] সফটওয়্যার পাইলটিং | তারিখ | তারিখ | ৫ | | | ৩১.০৫.২৩ | ০৫.০৬.২৩ | ১২.০৬.২৩ | ১৯.০৬.২৩ | ২৬.০৬.২৩ | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয় হিসাবে মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ....................................... | 24/6/22 <br> ....................................... |
| মহাপরিচালক <br> জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর | তারিখ |
| ....................................... | 24/6/22 <br> ....................................... |
| সিনিয়র সচিব <br> বাণিজ্য মন্ত্রণালয় | তারিখ |

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | CCMS | Central Complain Management System |
| ২ | DNCRP | Directorate of National Consumers' Right Protection |
| ৩ | NCCC | National Consumer Complain Centre |

# সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] সচেতনতা বৃদ্ধির জন্য প্যাম্ফলেট, লিফলেট ও অন্যান্য প্রচার সামগ্রী মুদ্রণ এবং বিতরণ | [১.১.১] প্যাম্ফলেট মুদ্রিত ও বিতরণকৃত | কার্যক্রম শাখা | সামারি রিপোর্ট এবং প্যাম্ফলেট বিতরণ রেজিষ্টার |
| | [১.১.২] লিফলেট মুদ্রিত ও বিতরণকৃত | কার্যক্রম শাখা | সামারি রিপোর্ট এবং লিফলেট বিতরণ রেজিষ্টার |
| | [১.১.৩] ডায়েরি মুদ্রিত ও বিতরণকৃত | কার্যক্রম শাখা | সামারি রিপোর্ট এবং ডায়েরি বিতরণ রেজিষ্টার |
| [১.২] সেমিনার/ওয়ার্কসপ/ মতবিনিময় সভা | [১.২.১] সেমিনার/ওয়ার্কসপ/ মতবিনিময় সভা অনুষ্ঠিত | প্রশিক্ষণ ও প্রচার শাখা | সামারি রিপোর্ট, বাজেট বরাদ্দের জিও এর কপি |
| [১.৩] সচেতনতামূলক সভা | [১.৩.১] সভা অনুষ্ঠিত | কার্যক্রম শাখা | সামারি রিপোর্ট, সভার নোটিশ ও উপস্থিতি, সভার কার্যবিবরণী/রেকর্ড নোটস |
| [১.৪] ঢাকা মহানগরসহ বিভাগ, জেলা ও উপজেলায় বিশ্ব ভোক্তা অধিকার দিবস উদযাপন | [১.৪.১] দিবস উদযাপিত | প্রশিক্ষণ ও প্রচার শাখা | সামারি রিপোর্ট, বাজেট বরাদ্দের জিও এর কপি |
| [২.১] বাজার তদারকি | [২.১.১] বাজার তদারকি সম্পন্ন | কার্যক্রম শাখা | বাজার তদারকি সংক্রান্ত সামারি রিপোর্ট |
| [২.২] জরিমানা আরোপ ও আদায় | [২.২.১] আরোপিত ও আদায়কৃত | কার্যক্রম শাখা | সামারি রিপোর্ট, প্রেস বিজ্ঞপ্তি ও পাক্ষিক প্রতিবেদন |
| [৩.১] অভিযোগ নিষ্পত্তি | [৩.১.১] অভিযোগ নিষ্পত্তিকৃত | অভিযোগ শাখা | অভিযোগ সংক্রান্ত সামারি রিপোর্ট |
| [৩.২] সিসিএমএস শীর্ষক সফটওয়্যার প্রণয়ন | [৩.২.১] সফটওয়্যার পাইলটিং | অভিযোগ শাখা | সফটওয়্যার পাইলটিং বাস্তবায়নের সরকারি আদেশ জারি |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| বাজার তদারকি | বাজার তদারকি সম্পন্ন | বাংলাদেশ পুলিশ | বাজার তদারকি কার্যক্রমে আইন শৃংখলা বজায় রাখা ও নিরাপত্তার জন্য পুলিশের সহায়তা গ্রহণ। পত্র যোগাযোগ এবং বাজার তদারকি টিমে নেতৃত্ব প্রদানকারী কর্মকর্তা কর্তৃক তদারকির পূর্বে সংশ্লিষ্ট অফিসের সাথে টেলিফোনে যোগাযোগের মাধ্যমে কার্যক্রম সমন্বয়। |
| বাজার তদারকি | বাজার তদারকি সম্পন্ন | বিএসটিআই, কৃষি বিপণন অধিদপ্তর, বিসিএসআইআর, স্বাস্থ্য অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর, পরিবেশ অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর | কারিগরি জ্ঞানসম্পন্ন লোক বাজার তদারকি কার্যক্রম ফলপ্রসূ করতে সহায়ক হয়। পত্র যোগাযোগ এবং বাজার তদারকি টিমে নেতৃত্ব প্রদানকারী কর্মকর্তা কর্তৃক তদারকির পূর্বে সংশ্লিষ্ট অফিসের সাথে টেলিফোনে যোগাযোগের মাধ্যমে কার্যক্রম সমন্বয়। |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ